গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
স্থানীয় সরকার শাখা
www.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০০৯.০৪.১১২.২৫-৬৭৮

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩২
৯ অক্টোবর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২৯ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-২০৯৭ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের নির্দেশনা মতে, স্থানীয় সরকার আইন (ইউনিয়ন পরিষদ), কর্মচারী চাকুরি বিধিমালা ২০১১ এর আলোকে দিনাজপুর জেলার ইউনিয়ন পরিষদের 'ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা' ও 'হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর' এর শূন্য পদ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে Online এ (https: //dcdinajpur.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ১০ (দশ)টি | (গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/- | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২. | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৩ (তিন)টি | (গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/- | (ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

## শর্তাবলি:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

৩। চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণপূর্বক নির্ধারিত সময়ে আবেদন করতে হবে এবং উল্লিখিত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় বোর্ডের নিকট দাখিল করতে হবে। চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না;

৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্ন বর্ণিত কাগজ পত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র ও মার্কস শিট/নম্বর পত্র;
গ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি এবং যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে স্মার্ট এনআইডির অনলাইন কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;
ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত একটি প্রমানক দাখিল করতে হবে। উল্লিখিত প্রমাণকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে;
চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক এর দপ্তর প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি বিষয়ক সনদপত্র;
ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান তা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত (সত্যায়িত) সনদপত্র/প্রত্যয়নপত্র;
জ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদপত্র/প্রমাণক;
ঝ) স্বীকৃত প্রতিষ্ঠান প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র;
ঞ) যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
ট) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সর্বশেষ সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ নং প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তিনি সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উল্লিখিত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে;

৬। এই নিয়োগ স্থানীয় সরকার আইন (ইউনিয়ন পরিষদ), কর্মচারী চাকুরি বিধিমালা ২০১১ এর আলোকে সম্পন্ন করা হবে;

৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে;

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

৯। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিযুক্ত সিল থাকতে হবে;

চলমান পাতা- ২

১০। প্রার্থীর বয়সসীমা ১৩/১১/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো প্রকার অ্যাফিডেফিট গ্রহণযোগ্য হবে না;

১১। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১২। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

১৩। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না;

১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৫। একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

১৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক) আগ্রহী প্রার্থীগণ https: //dcdinajpur.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৪/১০/২০২৫ খ্রি. সকাল ১০ : ০০ টা;

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৩/১১/২০২৫ খ্রি. বিকাল ৫ : ০০ টা;

iii) উল্লিখিত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Pre-paid Mobile নম্বর থেকে এসএমএসএর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষর ৬০KB হতে হবে;

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন;

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন;

(ঙ) **<u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:</u>** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য হবে না। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই Applicant's Copy তে তার সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উল্লিখিত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

**প্রথম SMS:** DCDINAJPUR <space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে

**Example:** DCDINAJPUR ABCDE

**Reply:** Applicant's Name, Tk 100 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCDINAJPUR Yes PIN and send to 16222..

**দ্বিতীয় SMS:** DCDINAJPUR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

**Example:** DCDINAJPUR YES 12345678 and send to 16222.

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for DCDINAJPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উল্লিখিত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

**(i)** User ID জানা থাকলে: DCDINAJPUR <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCDINAJPUR Help User 12345678 Send to 16222

**(ii)** PIN Number জানা থাকলে: DCDINAJPUR <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: DCDINAJPUR Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে 'আবেদন' এবং ফি জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও দিনাজপুর জেলার ওয়েবপোর্টাল www.dinajpur.gov.bd এবং https://dcdinajpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dinajpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে;

চলমান পাতা- ৩

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোনো টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd বা dcdinajpur@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-Organization Name: DCDINAJPUR, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

বি.দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে সঠিকভাবে আবেদনপত্র পূরণ ও যথাসময়ে আবেদন ফি জমাদান করার পরামর্শ দেয়া যাচ্ছে।

০৯/১০/২০২৫

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
দিনাজপুর
ফোন: ০২৫৮-৯৯২৫০০১
ই-মেইল:dcdinajpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
স্থানীয় সরকার শাখা
www.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০০৯.০৪.১১২.২৫-৬৭৮

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ / ৯ অক্টোবর ২০২৫

**অনুলিপি: সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর;
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর;
৪। জেলা প্রশাসক..............................................(সকল);
৫। পুলিশ সুপার, দিনাজপুর
৬। সিভিল সার্জন, দিনাজপুর
৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর
৮। জেলা .....................................................কর্মকর্তা (সকল), দিনাজপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ);
৯। প্রশাসক, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর/বিরল/বোচাগঞ্জ/কাহারোল/বীরগঞ্জ/খানসামা/চিরিরবন্দর/পার্বতীপুর/ফুলবাড়ী/বিরামপুর/নবাবগঞ্জ/হাকিমপুর/ঘোড়াঘাট, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ);
১০। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর/বিরল/বোচাগঞ্জ/কাহারোল/বীরগঞ্জ/খানসামা/চিরিরবন্দর/পার্বতীপুর/ফুলবাড়ী/বিরামপুর/নবাবগঞ্জ/হাকিমপুর/ঘোড়াঘাট, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ);
১১। প্রশাসক, দিনাজপুর/বিরল/সেতাবগঞ্জ/বীরগঞ্জ/পার্বতীপুর/ফুলবাড়ী/বিরামপুর/হাকিমপুর/ঘোড়াঘাট পৌরসভা, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ);
১২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর (বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ);
১৩। চেয়ারম্যান/প্যা: চেয়ারম্যান/প্রশাসক, ...নং .................. ইউপি (সকল), দিনাজপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ);
১৪। সম্পাদক, দৈনিক আমার দেশ / Daily Sun / দৈনিক আজকের প্রতিভা, দিনাজপুর (বিজ্ঞপ্তিটি ১ (এক) দিনের জন্য ভেতরের পাতায় ১০ ইঞ্চি × ৩ ইঞ্চি কলাম সাইজে প্রকাশের অনুরোধসহ); এবং
১৫। নোটিশ বোর্ড।

০৯/১০/২০২৫

জেলা প্রশাসক
দিনাজপুর